# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 07-03-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, সাঁওতাল সম্প্রদায়ের আন্দোলনের ফলে, এই ভাষাকে অষ্টম তপশিলের অন্তর্ভুক্ত করা হয়েছে। শিলিগুড়ি মহকুমার গোঁসাইপুরে নবম আন্তর্জাতিক সাঁওতাল কনফারেন্সে আজ তিনি যোগ দেন।

তাঁর সভাস্থল বারবার পরিবর্তন করা নিয়ে রাষ্ট্রপতি সাংবাদিকদের কাছে পরে অসন্তোষ প্রকাশ করেন। তাঁর এই সফরকালে রাজ্য সরকার নির্দিষ্ট প্রোটকল মানেনি বলেও রাষ্ট্রপতি জানান।

২) আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্নাঙ্গ বেঞ্চ আগামীকাল রাজ্যে আসছে।

৩) রাজ্য সরকারের সহযোগিতা না পাওয়ার কারণে পশ্চিমবঙ্গের অধিকাংশ রেল প্রকল্পের কাজ ব্যাহত হচ্ছে বলে রেলমন্ত্রী তথা বিজেপি নেতা অশ্বিনী বৈষ্ণ অভিযোগ করেছেন। হুগলীতে আজ বিজেপি-র পরিবর্তন যাত্রায় যোগ দেন তিনি ।

৪) আর এন রবি আগামী ১২-ই মার্চ পশ্চিমবঙ্গের ২২-তম রাজ্যপাল হিসেবে শপথ নেবেন।

৫) রাজ্য সরকার আজ থেকেই বাংলার যুবসাথী প্রকল্পে আবেদনকারীদের ভাতা দিচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, সাঁওতালভাষী মানুষের আন্দোলনের ফলে, এই ভাষাকে ২০০৩ সালে ৯২ তম সংবিধান সংশোধনীর মধ্য দিয়ে, অষ্টম তপশিলের অন্তর্ভুক্ত করা হয়েছে। কেন্দ্রীয় সরকার সাঁওতালি ভাষায় উচ্চ শিক্ষার জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে বলেও রাষ্ট্রপতি জানান। আজ শিলিগুড়ি মহকুমার গোঁসাইপুরে নবম আন্তর্জাতিক সাঁওতাল কনফারেন্সে যোগ দিয়ে তিনি বলেন, উচ্চ শিক্ষার জন্য কেন্দ্রীয় সরকার জনজাতি গোষ্ঠীর ছাত্রছাত্রীদের সহায়তা করছে। সম্প্রতি অলচিকি হরফের শতবার্ষিকী উদযাপিত হয়েছে।

রাষ্ট্রপতি বলেন, দেশের স্বাধীনতা আন্দোলনে জনজাতি গোষ্ঠীর অবদান কম ছিল না।

(বাইট)

এদিন বাগডোগরা বিমান বন্দরে শ্রীমতি মুর্মুকে স্বাগত জানান কেন্দ্রীয় আদিবাসী বিষয়ক দপ্তরের প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকে। নবম আদিবাসী কনফারেন্সে দেশ বিদেশের আদিবাসী সম্প্রদায়ের ১২০০ প্রতিনিধি ছাড়াও অসংখ্য মানুষ অংশ নিয়েছেন। আদিবাসী সমাজের আর্থিক, সামাজিক এবং আদিবাসীদের বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা চলবে কনফারেন্সে।

এদিকে অনুষ্ঠানের জায়গা পরিবর্তন নিয়ে অসন্তোষ ব্যক্ত করেন রাষ্ট্রপতি মুর্মু। সভাস্থল ছেড়ে বেরিয়ে আগে যেখানে সভা করার কথা ছিল রাষ্ট্রপতি শিলিগুড়ি মহকুমার বিধাননগরে যান। সেখানে গিয়ে গোটা এলাকা ঘুরে দেখেন। পর্যাপ্ত জায়গা

থাকা সত্ত্বেও রাজ্য সরকার তাঁর সভাস্থল কেন পরিবর্তন করলো সেই নিয়ে প্রশ্ন তুলেছেন রাষ্ট্রপতি ।

( বাইট )

উল্লেখ্য, প্রথমে শিলিগুড়ির বিধাননগরে সভা হবার কথা থাকলেও চারবার সভাস্থল বদল করা হয়। শেষ পর্যন্ত নিরাপত্তার কারণে বাগডোগরা বিমানবন্দরের কাছে গোঁসাইপুরে সভা করার অনুমতি দেওয়া হয় প্রশাসনের তরফে।

০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস সরকারের ভূমিকায় রাজ্যের মানুষ লজ্জিত বলে বিজেপি মন্তব্য করেছে। দলের প্রধান মুখপাত্র দেবজিত সরকার আকাশবাণীকে বলেন, তৃণমূল কংগ্রেস আদিবাসী ও উপজাতি বিরোধী।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আগামীকাল  রাজ্যে আসছেন। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে পূর্ণাঙ্গ বেঞ্চ রাতে কলকাতা বিমানবন্দরে পৌঁছবেন। সোমবার ৯ তারিখে তারা রাজ্যের স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকে বসবে। ঐদিন সকাল ১০ টা থেকে ১২ টা পর্যন্ত প্রতিটি রাজনৈতিক দলের জন্য ১৫ মিনিট করে সময় বরাদ্দ করা হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক দপ্তর সুত্রে জানা গেছে।

কমিশনের প্রতিনিধিরা আইন বলবৎকারী সংস্থাগুলি নোডাল অফিসরাদের সঙ্গে বৈঠক করবেন। পাশাপাশি আইনশৃঙ্খলা পরিস্থিতি, কেন্দ্রীয় বাহিনী মোতায়েন, সংকটপ্রবণ বুথ চিহ্নিত করা সহ বিভিন্ন বিষয়ে কথা বলবেন, IG, DIG, পুলিশ কমিশনার, পুলিশ সুপার ও জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে।

মঙ্গলবার ১০'ই মার্চ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। ওইদিনই ব্লক লেভেল আধিকারিকদের সঙ্গেও তাঁদের মতবিনিময় করার কথা।

এদিকে, আগামীকালই দিল্লি থেকে কলকাতায় পৌছবেন সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল'ও। ওই দলে থাকছেন প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, ডিরেক্টর মনোজ সী ও ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল। এই দলটি ভোটের প্রস্তুতি এবং নির্বাচন কমিশনের কর্মসূচি নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সঙ্গে সমন্বয় সাধন করবে।

oooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যে মোট ৮০ হাজার ৭১৯টি বুথে ভোটগ্রহণ হতে চলেছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআর প্রক্রিয়া শুরু হওয়ার সময়ে রাজ্যে বুথের সংখ্যা ছিল ৮০ হাজার ৬৮১টি। পরবর্তীতে এর সঙ্গে ৩৮টি বুথ যুক্ত করা হয়েছে। নির্বাচন কমিশন সূত্রে খবর, এই নতুন বুথগুলির বেশিরভাগই বহুতল আবাসন বা হাইরাইজ বিল্ডিং-এ তৈরি করা হয়েছে। কমিশন সূত্রে আরও জানা গিয়েছে, বহুতলে বুথ তৈরির জন্য প্রথমে মোট ৫৭টি জায়গা চিহ্নিত করা হয়েছিল। পরে পর্যালোচনার পর তার মধ্যে ৩৮টি বুথ চূড়ান্ত করা হয়েছে।

oooooooooooooooooooooo

রাজ্য সরকারের সহযোগিতা না পাওয়ার কারণে পশ্চিমবঙ্গে অধিকাংশ রেল প্রকল্প ব্যাহত হচ্ছে বলে রেলমন্ত্রী তথা বিজেপি নেতা অশ্বিনী বৈষ্ণব অভিযোগ করেছেন। রেলমন্ত্রী জানান, পশ্চিমবঙ্গে রেল প্রকল্পের জন্য প্রয়োজনীয় জমির মাত্র ২৭ শতাংশ অধিগ্রহণ করা হয়েছে। এখনও ৭৩ শতাংশ জমি অধিগ্রহণ বাকি রয়েছে। ফলে

অনেক গুরুত্বপূর্ণ রেল প্রকল্পের কাজ এগোতে পারছে না। তাঁর অভিযোগ, জমি অধিগ্রহণে রাজ্য সরকারের প্রত্যাশিত সহযোগিতা না পাওয়ার কারণেই এই পরিস্থিতি তৈরি হয়েছে।

BYTE

হুগলির শ্রীরামপুরে আজ বিজেপির পরিবর্তন যাত্রার সূচনার পূর্বে তিনি ঐতিহাসিক মহেশের জগন্নাথ মন্দির দর্শন করেন। সেখানে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, রাজ্যে রেল উন্নয়নের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রায় ১৪ হাজার ২০০ কোটি টাকার বাজেট বরাদ্দ করেছেন। পাশাপাশি প্রায় ৯৩ হাজার কোটি টাকার বিভিন্ন রেল প্রকল্প অনুমোদিত হয়েছে। কিন্তু জমি অধিগ্রহণের ক্ষেত্রে রাজ্য সরকারের পর্যাপ্ত সহযোগিতা না পাওয়ায় বহু প্রকল্প আটকে রয়েছে বলে দাবি তাঁর।অশ্বিনী বৈষ্ণব বলেন, তবু সব বাধা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার বিভিন্ন রেল প্রকল্প এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছে।

ভদ্রেশ্বরের অ্যাঙ্গাস জুটমিল ময়দানে এক সভায় তিনি অংশ নেন।

০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গের ২২-তম রাজ্যপাল হিসেবে আগামী ১২-ই মার্চ শপথ নেবেন আর এন রবি। এজন্য আগামী **১১**ই মার্চ রাজ্যে আসছেন তিনি। নবান্ন সূত্রে এখবর জানা গেছে।

উল্লেখ্য, রাজ্যপাল সি ভি আনন্দ বোস গত বৃহস্পতিবার সন্ধ্যায় দিল্লিতে থাকাকালীন রাজ্যপাল পদে ইস্তফা দেন। শারীরিক অসুস্থতার কারণ দেখান তিনি। এরপরই আর এন রবিকে পশ্চিমবঙ্গের রাজ্যপাল হিসেবে নিয়োগ করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

পরিবর্তন যাত্রা কর্মসূচির সমাপ্তিতে ১৪ তারিখ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে জনসভায় বক্তব্য রাখবেন। এই উপলক্ষে আজ ব্রিগেড ময়দানে

প্রধানমন্ত্রীর সভাস্থলে বিজেপির উদ্যোগে ভূমি পূজার আয়োজন করা হয়। কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব সেখানে উপস্থিত ছিলেন।

অন্যদিকে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ দক্ষিণ দিনাজপুরে পরিবর্তন যাত্রায় অংশ নেন। তিনি বলেন,বিজেপি ভোটের আগে পরিবর্তন যাত্রা কর্মসূচি পালন করছে। অন্যদিকে তৃণমূল কংগ্রেস ভোটের আগে বোমা বিস্ফোরণের প্রস্তুতি নিচ্ছে। তাই পাইকপাড়ায় বোমা বিস্ফোরণ ভোটের আগে তৃণমূল কংগ্রেসের প্রস্তুতি বলে তিনি দাবি করেন। শ্রী মজুমদার জানান,বিজেপির অস্ত্র সাধারণ মানুষ এবং তৃণমূল কংগ্রেসের অস্ত্র বোমা। তিনি অভিযোগ করেন,পুজোর সময় এই ক্লাবগুলিকে অনুদান দেওয়ার উদ্দেশ্য হল ক্লাবগুলির একাংশকে ভোটের সময় অস্ত্রাগার হিসেবে ব্যবহার করা তাই। পাইকপাড়ার ঘটনা পুরোপুরি মমতা ব্যানার্জি ও অভিষেক ব্যানার্জির নির্দেশে ঘটেছে বলেই শ্রী মজুমদার জানিয়েছেন। তিনি আরো বলেন,বিজেপি সোনার বাংলা গঠনের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। বিজেপি ক্ষমতায় এলে আগামী পাঁচ বছরের মধ্যে দক্ষিণ দিনাজপুরে একটি মেডিকেল কলেজ প্রতিষ্ঠা করা হবে। এছাড়া ১৪ই মার্চ প্রধানমন্ত্রীর ব্রিগেড সমাবেশে মানুষের অংশগ্রহণ নিশ্চিত করতে বালুরঘাট থেকে কলকাতা পর্যন্ত বিশেষ ট্রেন চালানো হবে।

মেদিনীপুরে পরিবর্তন যাত্রা কর্মসূচিতে অংশ নেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এবং মঙ্গলকোট বিধানসভা কেন্দ্রে পরিবর্তন যাত্রা সূচনা করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

ooooooooooooooooooo

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে মহিলাদের সম্মান জানাতে যুব ও ক্রীড়া মন্ত্রক আগামীকাল দেশ জুড়ে বিভিন্ন জায়গায় অস্মিতা খেলো ইন্ডিয়া ওমেন্স লীগের আয়োজন করছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার আজ থেকেই বাংলার যুব সাথী প্রকল্পে আবেদনকারীদের ভাতা দিচ্ছে। এস আই আর এর প্রতিবাদে কলকাতায় ধর্মতলা মেট্রো চ্যানেলে ধরনা অবস্থানের দ্বিতীয় দিনে তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি শনিবার সকালেই মঞ্চ থেকে জানান এই প্রকল্পে এদিন থেকেই আবেদনকারীদের ব্যাংক অ্যাকাউন্টে টাকা দেওয়ার কাজ শুরু করার কথা বলেন।

উল্লেখ্য, এর আগে আগামী পয়লা এপ্রিল থেকে এই প্রকল্পে পাঁচ বছর পর্যন্ত মাসে দেড় হাজার টাকা করে ভাতা দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন। গত ২৬ তারিখ পর্যন্ত রাজ্য জুড়ে এই সংক্রান্ত আবেদন জমা নেওয়া হয়। অন্যদিকে, আজ ধর্না মঞ্চে রান্নার গ্যাসের মূল্য বৃদ্ধি নিয়ে আজ সরব হন মুখ্যমন্ত্রী।

প্রসঙ্গত, গৃহস্থালির কাজে ব্যবহৃত ১৪.২ কেজি ওজনের গ্যাসের দাম ৮৭৯ টাকা থেকে বেড়ে ৯৩৯ টাকা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

ওড়িশার উপর অবস্থিত একটি ঘূর্ণাবর্ত এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করার কারণে সারা রাজ্যেই বৃষ্টির অনুকূল পরিবেশ তৈরি হয়েছে। আগামীকালের মধ্যে দক্ষিণবঙ্গের উপকূলীয় জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা থাকছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ বিকেলে আই এস এল ফুটবলের ম্যাচে মহামেডান স্পোর্টিং ১-২ গোলে ব্যাঙ্গালুরু এফ সির কাছে পরাজিত হয়েছে। মহামেডান এখনো পর্যন্ত তাদের খেলা চারটিতেই পরাজিত হয়েছে। ফলে কোনো

পয়েন্ট সংগ্রহ করতে না পেরে মহামেডান ১৪ দলের লিগ তালিকায় সব শেষে রয়েছে।

oooooooooooooooooo

oooooooooooooooooo